

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২০, ২০২১

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, “এ.কে টেক্সটাইল” নামে একটি অংশীদারী ফার্ম বিগত ৩১-০৭-২০১৭ ইং তারিখ হইতে চলাইয়া আসিতেছি। এতে আমরা (খোরশেদ আলম ও মোঃ রফিকুল ইসলাম) দুইজন অংশীদার ছিলাম। যাহা তেজগাঁও, ঢাকা সাব রেজিস্টার অফিসে নিবন্ধিত। নিবন্ধিত দলিল নং আই ডি (IV) ২৪/২০১৭, বই নং-১, ক্রমিক নং-৩১৫৬, তারিখ-৩১-০৭-২০১৭ ইং। নিবন্ধিত ঠিকানা-ফার্মভিউ সুপার মার্কেট (৪র্থ তলা), ফার্মগেট, ঢাকা এবং ব্যবসা পরিচালনা ঠিকানা-টাটাপাড়া, মাধবদী, নরসিংদী। জনাব খোরশেদ আলম “এ. কে টেক্সটাইল (A.K Textile)” নামীয় একটি এক মালিকানা প্রতিষ্ঠান পরিচালনা করিতেন। পরবর্তীতে তাহার ব্যবসা ও মূলধন প্রসারের জন্যে আমি মোঃ রফিকুল ইসলাম জনাব খোরশেদ আলমকে অংশীদারী ব্যবসার প্রস্তাব করি এবং প্রস্তাব মতে সম্মত হয়ে আমি এবং জনাব খোরশেদ আলম “এ. কে টেক্সটাইল (A.K Textile)” নামীয় একমালিকানা প্রতিষ্ঠানকে অংশীদারী ফার্ম হিসেবে গঠন করি এবং চুক্তি অনুযায়ী জনাব খোরশেদ আলমকে মূলধন বাবদ নগদ ১,০০,০০,০০০/- (এক কোটি টাকা) প্রদান করি কিন্তু পরবর্তীতে আমাদের উভয় পক্ষদ্বয়ের মধ্যে মত দ্বৈততা তৈরি হওয়ার ফলে আমার বিনিয়োগকৃত মূলধন ১,০০,০০,০০০/- (এক কোটি টাকা) জনাব খোরশেদ আলম এর পক্ষ হতে “A.K Textile” নামীয় ওনার একমালিকানা ব্যবসায়ের “এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক বাংলাদেশ লিমিটেড” এর ব্যাংক হিসাবের চেক (চেক নং-৫২১৬৮৫২, ৫২১৬৮৫৪, ৫২১৬৮৫৫, ৫২১৬৮৫৬, ৫২১৬৮৫৭) এর মাধ্যমে ফেরত গ্রহণের শর্তে উক্ত ফার্মটি স্বেচ্ছায় ও সর্বসম্মতিক্রমে ০১-০১-২০২১ ইং হইতে অবলুপ্ত (Dissolved) করা হইয়াছে। উল্লিখিত তারিখের পর হইতে অংশীদারী কারবার হিসাবে এই প্রতিষ্ঠানের কোন কার্যক্রম রইল না। তবে উক্ত নামে জনাব খোরশেদ আলম নতুন করে পূর্বের ন্যায় এক মালিকানা ব্যবসা পরিচালনা করিবেন সেহেতু সকল প্রকার পূর্বের এবং ভবিষ্যতের ঋণ, দায়-দেনা ব্যক্তিগতভাবে জনাব খোরশেদ আলম এর উপর বর্তাইবে। এছাড়া উক্ত অবলুপ্ত (Dissolved) সম্পর্কে কারো কোন আপত্তি বা পরামর্শ থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে অংশীদার জনাব মোঃ রফিকুল ইসলাম এর সহিত যোগাযোগ করিতে অনুরোধ করা হইল।

মোঃ রফিকুল ইসলাম

অংশীদার

মেসার্স-এ.কে টেক্সটাইল।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১১৫৩)

মূল্য : টাকা ৪.০০